রাঙ্গামাটিতে দুই দিনব্যাপী ৪৯তম কঠিন চীবর দান উৎসব শুরু

বিনয় চাকমা, রাঙ্গামাটি:: রাঙ্গামাটিতে রাজবন বিহারে দুই দিনব্যাপী বৌদ্ধ ধর্মাবলন্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব ৪৯তম দানোত্তম কঠিন চীবর দান শুরু হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকালে বেইন ঘরে চরকায় সুতা কেটে উদ্বোধন করেন নারী উদ্যোক্তা মঞ্জুলিকা চাকমা।

এ সময় রাঙ্গামাটির রাজবন বিহার উপাসক উপাসিকা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি নিরুপা দেওয়ান, সাধারণ সম্পাদক অমীয় কান্তি খীসাসহ উপাসক উপাসিকা পরিষদের গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

এর আগে বেইন ঘরে পঞ্চশীল প্রদান করেন, রাজবন বিহারের আবাসিক প্রধান প্রজ্ঞালংকার মহাস্থবির।

এ সময় পূর্ণ্যার্থীদের সাধু সাধু ধ্বনিতে মুখরিত হয় পুরো রাজবন বিহার প্রাঙ্গণ।

আজ শুক্রবার সকালে প্রথম পর্বে প্রথমে পঞ্চশীল গ্রহণ। এরপরে বুদ্ধ মূর্তি দান, অষ্টপরিস্কার দান ও পিন্ডদানসহ নানাবিধ দান আয়োজন করা হয়েছে। দ্বিতীয় পর্বে কঠিন চীবর দান উৎসর্গ করে ভিক্ষু সংঘের কাছে এই চীবর দান করে শেষ হবে।

রাজবন বিহার পরিচালনা কমিটির সূত্রে জানা গেছে, রাজবন বিহারের বেইন ঘরে প্রায় ২০০টি বেইন বুনা হবে। এতে কয়েক শতাধিক মহিলা- পুরুষ এই চীবর প্রস্তুত কাজে অংশগ্রহণ করেন। চীবর দানকে ঘিরে আইনশৃঙ্খলা বাহিনী পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।